আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

06 NOVEMBER 2026 **7:45—7:55PM**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ২৯ নভেম্বর নতুন দিল্লীতে অনুষ্ঠেয় ভারত মন্ডপমে সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজরিকার জন্ম শতবর্ষ সমারোহের সমাপ্তি অনুষ্ঠানে অংশ গ্রহণ । এই সমারোহে অংশ গ্রহণ করার জন্য একটি বিশেষ পোর্টালের সূচনা ।

২) রাজ্যে মায়ের মৃত্যুর অন্যতম কারণ সেপসিসের হার উল্লেখযোগ্যভাবে হ্রাস ।

৩) গ্রেপ্তার বা আটক করা ব্যক্তিকে বিচারপতির সম্মুখে হাজির কারানোর ২৪ ঘন্টা , আটক করার মূহূর্ত থেকে গণনা করা হবে বলে সুপ্রীম কোর্টের রায় ।

এবং

৪) সমগ্র দেশর সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ ধনতেরস উদযাপন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ নভেম্বর নতুন দিল্লীতে অনুষ্ঠেয় ভারত মন্ডপমে সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজরিকার জন্ম শতবর্ষ সমারোহের সমাপ্তি অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিশিষ্ট সঙ্গীতশিল্পী ঊষা মঙ্গেশকরকে রাজ্য সরকারের নতুন করে প্রবর্তন করা ডক্টর ভূপেন হাজরিকা জাতীয় পুরষ্কার প্রদান করবেন । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যম যোগে এ কথা জানিয়েছেন ।

মুখ্যমন্ত্রী বলেন যে এই অনুষ্ঠানে এক হাজার শিল্পী সমবেত কণ্ঠে মানুষ মানুষের জন্য এবং ইউ আর ইন দ্যা সেইম বোট ব্রাদার্স সঙ্গীত দুটি পরিবেশন করবেন । ওই অনুষ্ঠানে প্রত্যেকটি রাজনৈতিক দলকে আমন্ত্রণ জানানো হবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি আরো বলেন যে সমাপ্তি অনুষ্ঠানে শ্রেয়া ঘোষাল , অংগরাগ পাপন মহন্ত , কবিতা কৃষ্ণমূর্তি , শঙ্কর মহাদেবন সহ বেশ কয়েকজন জাতীয় পর্যায়ের শিল্পী সঙ্গীত পরিবেশন করবেন । আসামের তরালী শর্মা , জুবলি বরুয়া , নাহিদ আফ্রিন ,

শংকুরাজ কোওয়র , আচুর্য বরপাত্র গোহাই , রূপম ভূইয়া সহ অন্যন্য কয়েকজন শিল্পীও সঙ্গীত পরিবেশন করবেন বলে তিনি জানিয়েছেন । ডক্টর শর্মা বলেন যে ভূপেন হাজরিকার সান্নিধ্য লাভ করা লোকেদেরও অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে । এদিকে ভারতরত্ন সম্মানে ভূষিত সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজরিকার জন্ম শতবার্ষিকীর সমাপ্তি অনুষ্ঠানে অংশ গ্রহণ করার জন্য আজ একটি বিশেষ পোর্টালের সূচনা করা হয়েছে । দিশপুরের লোকসেবা সংবাদ সম্মিলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সুধাকণ্ঠ-ডট-আসাম-ডট-স্টেটডেটাসেন্টার-ডট-ইন নামের এই পোর্টালটির আনুষ্ঠানিকভাবে সূচনা করেছেন ।

(বাইট)

কেন্দ্রীয় কর্মচারী এবং পেনশন দপ্তরের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিং আজ নতুন দিল্লীতে দেশব্যাপী ডিজিট্যাল জীবন প্রমাণ পত্র অভিযানের পঞ্চম পর্যায়ের সূচনা করেছেন । পেনশন এবং পেনশনার কল্যাণ বিভাগ আয়োজিত প্রায় এক মাসব্যাপী অভিযান ৩০ নভেম্বর পর্যন্ত অব্যাহত থাকবে । মন্ত্রণালয় জানিয়েছে যে ডিজিট্যাল প্রযুক্তি বিশেষকরে জীবন প্রমাণ এ্যাপ ব্যবহার করে মুখমন্ডলের মাধ্যমে সত্যতা নিরুপন করে পেনশনারদের জন্য জীবন প্রমাণ পত্র দাখিল প্রক্রিয়া অধিক সূচল এবং সুবিধাজনক করে তোলাই এই অভিযানের মূল উদ্দেশ্য । সরকারী ক্ষেত্রের ব্যাঙ্ক , ভারতীয় ডাক , ইউ আই ডি এ আই , পেনশনার কল্যাণ সংস্থা এবং বিভিন্ন মন্ত্রনালয় তথা বিভাগের সহযোগিতায় এই অভিযান চালানো হবে । এই অভিযানের মাধ্যমে ৮০ বছর অথবা এর উর্ধের প্রবীন পেনশনার , মহিলা পেনশনার এবং রোগগ্রস্থ পেনশনারদের বিশেষ সুবিধা প্রদান করার ওপর গুরুত্ব প্রদান করা হবে । বয়স অথবা স্বাস্থ্যজনিত সমস্যার জন্য অভিযানে উপস্থিত হতে অসমর্থ পেনসনারদের জন্য তাদের বাড়িতেই জীবন প্রমাণপত্র দাখিলের সুবিধা প্রদানের ব্যবস্থা করা হবে বলেও মন্ত্রণালয় জানিয়েছে ।

রাজ্যে মায়ের মৃত্যুর অন্যতম কারণ সেপসিসের হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে । চলতি বছরের জুলাই মাসে এই হার ২১ শতাংশ হওয়ার বিপরীতে অক্টোবর মাসে তা আরো ৮ শতাংশ হ্রাস পেয়েছে । সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে সংক্রমণ প্রতিরোধী এবং নিয়ন্ত্রণ ব্যবস্থা অধিক শক্তিশালী করার জন্য রাজ্য সরকারের গৃহিত ধারাবাহিক পদক্ষেপের জন্য এই উন্নতি সম্ভব হয়েছে । কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় সেপসিসের ফলে অধিক মৃত্যুর ঘটনা সংঘটিত হওয়া রাজ্যগুলির সঙ্গে

আসামের সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ বোর্ডকেও ভার্চুয়াল মত বিনিময়ের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে । উল্লেখ্য যে মাতৃ এবং নবজাতকের স্বাস্থ্য সেবার মান উন্নত করার লক্ষ্যে রাজ্য সরকার সংক্রমণ প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ সম্পর্কীত কার্য পদ্ধতি ও ডিজিট্যাল পর্যবেক্ষণ ব্যবস্থা আই পি সি এম পোর্টালের প্রবর্তন করেছে । গত সেপ্টেম্বর মাসে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহলের সূচনা করা এই কার্য পদ্ধতিতে প্রসব কক্ষ , প্রসূতি অস্ত্রপচার কক্ষ , প্রসবোত্তর বোর্ড , বিশেষ নবজাতক যত্ন কেন্দ্র এবং নবজাতক স্থিরকরণ কেন্দ্র ইত্যাদি গুরুত্বপূর্ণ স্থানগুলিকে সন্নিবিষ্ট করা হয়েছে । আই পি সি এম পোর্টালের মাধ্যমে সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহের সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ ব্যবস্থার নিয়মিত পর্যবেক্ষণ এবং পর্যালোচনা করা হচ্ছে । মাতৃ মৃত্যুর হার হ্রাস করার ক্ষেত্রে এই সফলতার জন্য স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহল চিকিৎসক , নার্স , স্বাস্থ্যকর্মী এবং জাতীয় স্বাস্থ্য অভিযানের সংশ্লিষ্ট আধিকারিক ও কর্মচারীদের প্রশংসা করেছেন ।

গ্রেপ্তার বা আটক করা ব্যাক্তিকে বিচারপতির সম্মুখে হাজির করানোর ২৪ ঘন্টা , আটক করার মুহূর্ত থেকে গণনা করা হবে বলে সুপ্রীম কোর্ট একটি তাৎপর্যপূর্ণ রায় প্রদান করেছে । বিচারপতি উজ্জ্বল ভূঁইয়া ও অতুল এস চান্দারকারের বিচারপীঠ সংবিধানের ২২ এর ২ ধারার অনুচ্ছেদের ব্যাখ্যা করে বলেছেন যে গ্রেপ্তার ও আটকের মধ্যে কোনো প্রভেদ থাকতে পারে না । সেজন্য কোনো ব্যাক্তিকে বিচারপতির সামনে হাজির করানোর সময়সীমা পুলিশ আনুষ্ঠানিকভাবে গ্রেপ্তার করার সময় থেকে গণনা করা যুক্তি সংগত নয় বলে বিচারপীঠ উল্লেখ করেছে । এটি সাংবিধানিক নীতির সম্পূর্ন পরিপন্থী বলে স্পষ্ট করে সর্ব্বোচ্চ আদালত বলেছে যে বিচারপতির আদালতে যাবার প্রয়োজনীয় সময় এক্ষেত্রে বাদ দেওয়া যাবে । কিন্তু আনুষ্ঠানিক গ্রেপ্তারের পূর্বে অনুসন্ধান , তদন্ত , তল্লাশী বা জব্দ করার নামে ব্যয় হওয়া সময় কোনো কারণে বাদ দেওয়া যাবে না ।

সমগ্র দেশে আজ ধনতেরস উদযাপন করা হয়েছে । দীপাবলীর আগে উদযাপন করা এই উৎসবকে অর্থ ,সুস্বাস্থ্য ও সমৃদ্ধির প্রতীক বলে গণ্য করা হয় । ধনতেরসের দিন ভক্তরা ভাগবান ধ্বন্বত্বরি ,দেবী লক্ষী ও ভগবান কুবেরকে পূজা করেন । পরম্পরা অনুসারে ধনতেরসের পবিত্র ক্ষণে পূজা-অর্চনা করলে এবং বিভিন্ন সামগ্রী ক্রয় করলে ঘরে সুখ-সমৃদ্ধি আসে । ধনতেরসের দিন সোনা ,রূপা ,বাসনপত্র ,যানবাহন ও নতুন সামগ্রী ক্রয় করা হচ্ছে প্রাচীন পরম্পরা ।

বরাক উপত্যকার তিন জেলার বিভিন্ন হাটে বাজারে ধনতেরসের সামগ্রী ক্রয় করতে ক্রেতাদের উপচে পড়া ভীড় পরিলক্ষিত হয়েছে । এছাড়া সোনার দোকানগুলিতেও গ্রাহকদের ভীড় পরিলক্ষিত হচ্ছে । এই বিশেষ দিনে কাছাড় ,শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় ব্যাতিক্রমী দৃশ্য দেখা গেছে । ধর্মীয় বিশ্বাস অনুযায়ী ধনতেরসের দিন নতুন ঝাড়ু ক্রয় করলে অর্থের অধিষ্ঠাত্রী দেবী মা লক্ষ্মীর আশীর্বাদ লাভ হয় । ঘরে সুখ ,সমৃদ্ধি সহ আর্থিক স্বচ্ছলতা আসে বলেও অনেকে বিশ্বাস করেন । এই বিশ্বাসকে মনে রেখে তিনজেলার বাজারে আজ নতুন ঝাড়ু ক্রয় করতে গ্রাহকদের যথেষ্ট ভীড় পরিলক্ষিত হয়েছে । অনেকে সোনা রূপা বা অন্যান্য ধাতুর সামগ্রী ক্রয় করার পরিবর্তে পরম্পরা ও বিশ্বাসের প্রতি সম্মান জানিয়ে নতুন ঝাড়ু ক্রয় করতে অধিক গুরুত্ব দিয়েছেন ।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ধনতেরস উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । শ্রী রাধাকৃষ্ণণ সামাজিক মাধ্যমে এক বার্তায় ভগবান ধন্বন্তরীর আশীর্বাদে সবার জীবনে সুখ , সমৃদ্ধি ,সুস্বাস্থ্য ও কল্যাণের মূহূর্ত নিয়ে আসবে বলে আশা প্রকাশ করেন । সেইসঙ্গে তিনি সকল দেশবাসীর উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ধনতেরস উপলক্ষ্যে এক বার্তায় ভগবান ধন্বন্তরীর আশীর্বাদে সকলের জীবন ,সুখ ,শান্তি ও সুস্বাস্থ্যের আলোকে উজ্জ্বল তুলবে বলে আশা প্রকাশ করেন । সেইসঙ্গে প্রতিটি পরিবারে সুখ ও উৎসাহের বাতি সর্বদা প্রজ্জ্বলিত হয়ে থাকার প্রার্থনা করেন ।

বড়খলা ও কাটিগড়া পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জনসাধারণের নিরাপত্তার প্রতি লক্ষ্য রেখে শিলচর -কালাইন সড়কের বিভিন্ন স্থান ও সেতুর কথা বিবেচনা করে ঔই সড়ক দিয়ে ৩০ মেট্রিক টনের বেশী যান চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত , এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

শ্রীভূমি জেলায় প্রতিমা নিরঞ্জন কান্ডের সম্পুর্ন বিষয়টি মানবাধিকার কমিশনে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন । গতকাল এক সন্ধ্যায় শিলচর বঙ্গভবনে অনুষ্ঠিত সুশীল এক মত বিনিময় সভায় ঘটনার প্রতিবাদ জানিয়ে বলা হয় যে প্রতিমা নিরঞ্জন পর্বে সংগঠিত এই ঘটনা পূর্বপরিকল্পিত ছিল । ঔই দিনের ঘটনার নিরপেক্ষ তদন্ত , দোষীদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহন , গ্রেপ্তার

হওয়া লোকেদের বিরুদ্ধে সাজানো মামলা প্রত্যাহার করার দাবী জানিয়ে বরাক বঙ্গের কাছাড় জেলা সমিতির সভাপতি সঞ্জীব দেব লস্কর , কেন্দ্রীয় সমন্বয়ক গৌতম প্রসাদ দত্ত , প্রাক্তন বিধায়ক আতাউর রহমান মাঝারভুইয়া প্রমূখ বক্তব্য রাখেন ।

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জেলায় কালী পূজার সময় আইন-শৃংখলা বজায় রাখতে এবং পূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে আগামী ৮ ও ৯ই নভেম্বর ড্রাই ডে ঘোষনা করেছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে ১৯১০ সালের আসাম আবগারী আইনের সংশ্লিষ্ট ধারা ও উপ-ধারা অনুসারে জেলায় সব ধরনের দেশী ও বিদেশী মদের দোকান , বন্ডেড ওয়ার হাউস ও কান্ট্রি স্পিরিটের দোকান বন্ধ থাকবে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আবগারী আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।
